

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
(সাধারণ শাখা)
www.bagerhat.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.০১০০.০০৮.২৩.০০১.২৪-৭৫

তারিখ : ০২ ফেব্রুয়ারি, ২০২৪
১৫ ফেব্রুয়ারি, ২০২৪

বিষয় : “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, বাগেরহাট কর্তৃক কর্মসূচিতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, বাগেরহাট কর্তৃক নিম্নোক্ত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

“শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” উদযাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি:

তারিখ ও সময়	কার্যক্রম	স্থান	বাস্তবায়নে
১৫-০২-২০২৪ খ্রি. থেকে ২০-০২-২০২৪ খ্রি. পর্যন্ত	২১ শে ফেব্রুয়ারির তাৎপর্য সম্পর্কে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা/সেমিনার।	সকল শিক্ষা প্রতিষ্ঠান।	জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ।
১৫-০২-২০২৪ খ্রি. থেকে ০৭ (সাত) দিনব্যাপী সুবিধাজনক সময়।	জেলা সদর ও সকল উপজেলায় ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী।	গুরুত্বপূর্ণ স্থানসমূহে।	জেলা তথ্য অফিসার, বাগেরহাট ও জেলা কালচারাল অফিসার, বাগেরহাট।
১৯-০২-২০২৪ খ্রি. বিকাল ০৩:০০ ঘটিকা।	সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা।	স্বাধীনতা উদ্যান।	সংশ্লিষ্ট উপ-কমিটি ও শিশু একাডেমি, বাগেরহাট।
১৯-০২-২০২৪ খ্রি. বিকাল ০৩:৩০ ঘটিকা।	চিত্রাঙ্কন প্রতিযোগিতা, ছড়া পাঠ, কবিতা পাঠ।	স্বাধীনতা উদ্যান।	সংশ্লিষ্ট উপ-কমিটি, জেলা কালচারাল অফিসার ও শিশু একাডেমি, বাগেরহাট।
২০-০২-২০২৪ খ্রি. সকাল ১০:০০ ঘটিকা।	রচনা, আবৃত্তি ও ভাষার গান প্রতিযোগিতা।	রচনা প্রতিযোগিতা: আদর্শ মাধ্যমিক বিদ্যালয়। অন্যান্য কর্মসূচি : শিশু একাডেমি, বাগেরহাট	সংশ্লিষ্ট উপ-কমিটি ও শিশু একাডেমি, বাগেরহাট।
২১-০২-২০২৪ খ্রি. রাত্রি ১২:০১ মিনিট।	বাগেরহাট কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ।	কেন্দ্রীয় শহিদ মিনার, বাগেরহাট।	সংশ্লিষ্ট উপ-কমিটি ও সর্বস্তরের জনগণ।
২১-০২-২০২৪ খ্রি. সূর্যোদয়ের সাথে সাথে।	সূর্যোদয়ের সাথে সাথে সকল শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলনপূর্বক অর্ধনমিত রাখা এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে।	সকল সরকারি/ বে-সরকারি ভবন।	সকল সরকারি/বে- সরকারি অফিস প্রধান/ভবনের মালিকগণ/স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান ও বেসরকারি ভবন মালিকগণ।
২১-০২-২০২৪ খ্রি. সকাল ৭:০০ ঘটিকা।	প্রভাত ফেরি।	কেন্দ্রীয় শহিদ মিনার, বাগেরহাট।	সংশ্লিষ্ট উপ-কমিটি ও সর্বস্তরের জনগণ।
২১-০২-২০২৪ খ্রি. বাদ জোহর/সুবিধাজনক সময়।	ভাষা শহিদদের আত্মার রুহের ঋণফেরাতের জন্য প্রার্থনা। প্রার্থনার সময় ভাষা শহিদদের সঠিক নাম ব্যবহার করতে হবে।	সকল মসজিদ, মন্দির, গীর্জা ও ধর্মীয় প্রতিষ্ঠান।	সংশ্লিষ্ট উপকমিটি ও মসজিদের ইমাম/মন্দিরের পুরোহিত/গীর্জা এবং সকল ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ।
২১-০২-২০২৪ খ্রি. বাদ জোহর।	মিলাদ মাহফিল।	পুরাতন কোর্ট জামে মসজিদ, বাগেরহাট।	সংশ্লিষ্ট উপ-কমিটি।
২১-০২-২০২৪ খ্রি. সন্ধ্যা ৬:০০ ঘটিকা হতে রাত্রি ১০:০০ ঘটিকা পর্যন্ত।	ভাষা আন্দোলনের শহিদদের স্মৃতির উদ্দেশ্যে আলোচনা সভা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ।	স্বাধীনতা উদ্যান।	সংশ্লিষ্ট উপ-কমিটি।

এমতাবস্থায়, “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪” যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসন, বাগেরহাট কর্তৃক গৃহীত কর্মসূচিতে উপস্থিত থেকে অনুষ্ঠানকে সাফল্যমন্ডিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০২/২৪
(মোঃ হাফিজ-আল-আসাদ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
বাগেরহাট
মোবাইল নম্বর ০১৩২২-৮৮৪১৮১ (দাপ্তরিক)

বিতরণ: